42

তারিখ ... 09 JUN 1994 ...
পৃষ্ঠা ৭ কলাম ৩ ...

দৈনিক বাংলা

# লালমনিরহাটে বিশেষ গণশিক্ষা কার্যক্রম শুরু

নিজস্ব সংবাদদাতা : লালমনিরহাট, ৮ জুন।–জাতীয় সংসদের হুইপ অধ্যাপক শাহজাহান মিয়া সম্প্রতি লালমনিরহাটে গণশিক্ষা কার্যক্রম আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এটা একটি ব্যতিক্রমধর্মী শিক্ষা কর্মসূচী। স্বেচ্ছাসেবী শিক্ষক, শিক্ষিকা বা বিনা পারিশ্রমিকে জেলার ২৭ হাজার নিরক্ষর নারী পুরুষকে ৬ মাস মেয়াদী এ কর্মসূচীর আওতায় শিক্ষাদান করছে। ১১ থেকে ৪০ বছরের মধ্যে এসব শিক্ষার্থীদের বয়স।

জেলার ৫টি থানায় ৪৫টি ব্লকের আওতায় ৯শ শিক্ষা কেন্দ্র খোলা হয়েছে। প্রতি কেন্দ্রে ৩০ জন শিক্ষার্থীর জন্য একজন করে শিক্ষক শিক্ষিকা নিয়োজিত রয়েছে। পুরুষ ও মহিলাদের জন্য পৃথক পৃথক শিক্ষা কেন্দ্র রয়েছে।

কৃতকার্য শিক্ষক শিক্ষিকাকে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পুরস্কার দেয়া হবে। প্রশাসকের এ সার্বিক তত্ত্বাবধানে সক্রিয় রয়েছেন।

এই জেলাকে এক সাথে এক বছরের মধ্যে নিরক্ষরমুক্ত করার লক্ষ্যে একটি পরিকল্পনা 'একনেক'–এর বিবেচনাধীন রয়েছে। জেলায় এ কর্মসূচী সফল হলে এটা হবে দেশে একটি মডেল ও দিক উল্লেখ্য, ইতিপূর্বে সম্পূর্ণ স্বেচ্ছাসেবার ভিত্তিতে জেলার–১১ হাজার নিরক্ষর নারী পুরুষকে অক্ষরজ্ঞানসম্পন্ন করে তোলা হয়েছে।